

ভোরের কাগজ

তারিখ
পৃষ্ঠা ৬ সসাম

বইমেলা

সুষ্ঠু সমাজ গঠনের জন্য বই

শেরে বাংলাদেশের জাতীয় প্যারেড স্কয়ার চত্বরে ৮ম ঢাকা বইমেলা শুরু হয়েছে গত ১ জানুয়ারি, ২০০২. মঙ্গলবার থেকে। জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত এবারের মেলায় মূল প্রতিপাদ্য 'সুষ্ঠু সমাজ গঠনের জন্য বই' বা 'Book for a Healthy Society'। ১ জানুয়ারি বিকাল ৩টায় বইমেলা উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। এ ছাড়া ৮ম ঢাকা বইমেলা উপলক্ষে ৩১ ডিসেম্বর তথা অধিদপ্তরের মিডিয়া কক্ষে অনুষ্ঠিত হয় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রীর সংবাদ সম্মেলন। ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য বুক র্যালি (শাহবাগস্থ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি থেকে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত)। র্যালির নেতৃত্ব প্রদান করেন প্রতিমন্ত্রী ও সচিব নাজমুল আহসান চৌধুরী।

৮ম ঢাকা বইমেলা, ২০০১-এর মোট স্টল সংখ্যা ১০২টি। প্যাভেলিয়ন ৫টি। জাপান ও ইরান দূতাবাস এবং ভারতের পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ডসহ এবারের মেলায় অংশগ্রহণ করেছে বাংলাদেশের প্রায় সব বই নামী-দামি ছোটবড়ো প্রকাশনা সংস্থা। এ ছাড়া বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি সাহায্য সংস্থাও স্টল দিয়েছে।

বেশ খোদামেলা চত্বরে, এক প্রশান্ত ও সুন্দর পরিবেশে এই বইয়ের আড়ং বেশ জমবে বলে আশাবাদ ব্যক্ত করেন জাতীয় গ্রন্থকেন্দ্রের সহকারী পরিচালক মানিক মাহমুদ। তিনি বলেন, 'আজ

বেশ ভালো পরিবেশ আছে এখানে। পাশাপাশি শিল্পমেলা হচ্ছে।' কিন্তু ভারতীয় পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ড-এর শঙ্কর রায় প্রদান করলেন ভিন্ন অভিমত। ভার বিবেচনায়- 'খুব একটা লোক সমাগম হচ্ছে না। কলকাতা বইমেলায় উদ্বোধনী দিনে মেরকম ভিড় উপচে পড়ে- যে রকম দর্শক-ক্ষেত্র সমাগম হয়, এখানে তা হয়নি।' উদাহরণস্বরূপ উল্লেখ করলেন

কমিশনে। অন্যান্য প্রকাশনী সংস্থালো দিচ্ছে ২০% ছাড়।

এই মেলা উপলক্ষে বেশকিছু বই বেরুবে বলে জানালেন প্রকাশনী সংস্থালো। অন্য প্রকাশ মেলায় প্রথম দিনেই এনেছে হুমায়ুন আহমদের ভরতাজা উপন্যাস 'নীল মানুষ'। প্রব এম-এর চমৎকার প্রচ্ছদে প্রকাশিত এই বই বিক্রি হচ্ছে দেদার। দিব্য প্রকাশনী থেকে বেরিয়েছে দেকার্ত-এর 'অনুধ্যান' ও বণীর আল হেলাল-

এর 'আমাদের কবিতা'। সময় প্রকাশনী তুলেছে হুমায়ূন আহমদ-এর 'বাজলি বলিয়া লজ্জা নাই'-এর নতুন সংস্করণ, ড. আশরাফ সিদ্দিকীর 'কিংবদন্তীর বাংলা' ও বন্দকার মাহমুদুল হাসান-এর 'ভারতীয় উপমহাদেশের সভ্যতা ও প্রত্নকীর্তি'। শিলা প্রকাশ করেছে ড. ওয়াকিল আহমদ-এর 'বাংলার মুসলিম বুদ্ধিজীবী'। অন্যথায় প্রকাশনীতে দু'একদিনের মধ্যেই আসবে

প্রমিত হোসেন অনুদিত নাইবাল-এর একটি উপন্যাস এবং টনি মরিসন-এর 'সন্ত অব সলোমন'। মেলায় দুটি খাবার স্টল বসেছে। কিন্তু দাম গলাকাটা। চায়ের কাপ ৫ টাকা ও মোগলাইয়ের মূল্য ২৫ টাকা। টয়লেটের অবকাঠামো সুন্দর হলেও অপরিচ্ছন্ন। প্রতিদিন ফিনাইল ছিটানোর ব্যবস্থা করলে ভালো হয়। ধূমপানমুক্ত এই মেলায় অঙ্গসজ্জা মোটামুটি মানের। মেলা উপলক্ষে খোলা হয়েছে একটি ওয়েব সাইট। যার ঠিকানা হলো:

www.granthakendra.org। মেলা চলবে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত।

□ আবু মুসা চৌধুরী



কলকাতার বইমেলায় উদ্বোধনী দিনে ভিড় সামলাতে লাঠি চার্জের ঘটনাটি জানালেন, গিল্ড-এর ৯০ কার্টুন বই রয়ে গেছে বেনাপোলে। দু'একদিনের মধ্যে ওগুলো এসে পৌঁছবে। ওখানে আছে অনেক সাম্প্রতিক প্রকাশনা ও আরো অল্প টাইটেল। 'আশা করি সাদা জাগাবে'- অবশেষে এই আশাবাদ জানালেন শঙ্কর।

প্রসঙ্গত উল্লেখ্য, এখানে ভারতীয় বই বিক্রি হচ্ছে ১.২০ দামে। ফা বাজার থেকে ০.২০ থেকে ০.৩০ ভাগ সম্ভবী মূল্যে। আরো রয়েছে অনেক ছাড়ের ব্যবস্থা। এছাড়া বাংলা একাডেমীর বই বিক্রয় হচ্ছে ৩০%